

প্রকাশ : ২১ আগস্ট, ২০১৭ ১০:২৮  
আপডেট : ২১ আগস্ট, ২০১৭ ১১:৩৯

অনলাইন  
ভার্সন

Share

প্রিন্ট করুন 

# মেয়র আনিসুল হকের শারীরিক অবস্থার উন্নতি

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের শারীরিক অবস্থার কিছুটা উন্নতি হয়েছে। তিনি এখনও লন্ডনের একটি হাসপাতালে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন রয়েছেন। ডাক্তাররা তাকে ঘুম থেকে স্বাভাবিকভাবে জাগিয়ে তোলার চেষ্টা করছেন।

মেয়র আনিসুল হকের ব্যক্তিগত সহকারী মিজানুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, মেয়র সেরিব্রাল ভাসকুলাইটিসে (মস্তিষ্কের রক্তনালীর প্রদাহ) আক্রান্ত হয়েছেন। শারীরিক অবস্থার পুরোপুরি উন্নতি না হওয়া পর্যন্ত সেখানেই নিবিড় পর্যবেক্ষণে থাকবেন তিনি। ডাক্তাররা এরই মধ্যে তার শারীরিক অবস্থার উন্নতি দেখছেন। সোমবার অথবা মঙ্গলবার তাকে জাগিয়ে তোলার চেষ্টা করবেন হাসপাতালের সংশ্লিষ্ট চিকিৎসকরা। এটি একটি দীর্ঘ প্রচেষ্টা।

উল্লেখ্য, গত ২৯ জুলাই ব্যক্তিগত সফরে সপরিবারে লন্ডন যান আনিসুল হক। সেখানে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন তিনি। পরে তাকে স্থানীয় একটি হাসপাতালের আইসিইউতে ভর্তি করা হয়। তিনি মস্তিষ্কের রক্তনালীর প্রদাহে আক্রান্ত হয়েছেন বলে চিকিৎসকরা জানিয়েছেন।

আনিসুল হকের পরিবারসূত্রে জানা গেছে, তিনি আগে থেকেই কিছুটা অসুস্থ ছিলেন। দেশে চিকিৎসকরা তার শারীরিক সমস্যা শনাক্ত করতে পারেননি। লন্ডনে ব্যক্তিগত সফর শেষে গত ১৪ আগস্ট তার দেশে ফেরার কথা ছিল।

বিডি প্রতিদিন / ২১ আগস্ট, ২০১৭ / তাফসীর